



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি

(নভেম্বর ২০১৯ পর্যন্ত সংশোধিত)

মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৭১২.২২.০০৫.১৯-১১৮

তারিখ: ২৯ কার্তিক ১৪২৬/১৪ নভেম্বর ২০১৯

বিষয়: জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি, ২০১৯।

মন্ত্রিপরিষদ বিভাগ হইতে ০১ জ্যৈষ্ঠ ১৪২৪/১৫ মে ২০১৭ তারিখে জারিকৃত জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি আংশিক সংশোধনক্রমে নিম্নরূপ নির্দেশাবলি জারি করা হইলঃ

নিম্নবর্ণিত পুরস্কার/পদকসমূহ জাতীয় পুরস্কার/পদক হিসাবে গণ্য হইবে -

- ০১। স্বাধীনতা পুরস্কার
- ০২। একুশে পদক
- ০৩। বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার
- ০৪। বেগম রোকেয়া পদক
- ০৫। জাতীয় চলচ্চিত্র পুরস্কার
- ০৬। জাতীয় ক্রীড়া পুরস্কার

২। জাতীয় পুরস্কার/পদকসমূহের মানক্রম, উহাদের প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ এবং পুরস্কার/পদক প্রাপকগণকে প্রদেয়সমূহ নিম্নরূপ হইবেঃ

মানক্রম	পুরস্কার/পদকের নাম	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ	প্রদেয়সমূহ
০১।	স্বাধীনতা পুরস্কার	মন্ত্রিপরিষদ বিভাগ	১। আঠার ক্যারেট মানের পঞ্চাশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক; ২। পদকের একটি রেপ্লিকা; ৩। পাঁচ লক্ষ টাকা; এবং ৪। একটি সম্মাননাপত্র।
০২।	একুশে পদক	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	১। আঠার ক্যারেট মানের পঁয়ত্রিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক; ২। পদকের একটি রেপ্লিকা; ৩। চার লক্ষ টাকা; এবং ৪। একটি সম্মাননাপত্র।

৬০

৬০

মানক্রম	পুরস্কার/পদকের নাম	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ	প্রদেয়সমূহ
০৩।	বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার	কৃষি মন্ত্রণালয়	বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট আইন, ২০১৬ অনুযায়ী নির্ধারিত হইবে।
০৪।	বেগম রোকেয়া পদক	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	১। আঠার ক্যারেট মানের পঁচিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক; ২। পদকের একটি রেপ্লিকা; ৩। চার লক্ষ টাকা; এবং ৪। একটি সম্মাননাপত্র।
০৫।	জাতীয় চলচ্চিত্র পুরস্কার	তথ্য মন্ত্রণালয়	১। আঠার ক্যারেট মানের পনের গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক; ২। পদকের একটি রেপ্লিকা; ৩। একটি সম্মাননাপত্র; এবং ৪। (ক) আজীবন সম্মাননাপ্রাপ্তকে তিন লক্ষ টাকা; (খ) শ্রেষ্ঠ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র প্রযোজককে দুই লক্ষ টাকা; (গ) শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রযোজককে দুই লক্ষ টাকা; (ঘ) শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র প্রযোজককে দুই লক্ষ টাকা; (ঙ) শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালককে দুই লক্ষ টাকা; (চ) অন্যান্য ক্ষেত্রে এক লক্ষ টাকা।
০৬।	জাতীয় ক্রীড়া পুরস্কার	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	১। আঠার ক্যারেট মানের পঁচিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক; ২। এক লক্ষ টাকা; এবং ৩। একটি সম্মাননাপত্র।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ জাতীয় পুরস্কার/পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন এবং এর সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য দায়িত্ব পালন করিবে।

৪। স্বাধীনতা পুরস্কার এবং একুশে পদক প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করিবেন মাননীয় প্রধানমন্ত্রী এবং অনুষ্ঠান পরিচালনা করিবেন মন্ত্রিপরিষদ সচিব। অন্যান্য সকল জাতীয় পুরস্কার/পদক প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করিবেন সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী এবং অনুষ্ঠান পরিচালনা করিবেন সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব।




